

সম্মতি পত্র

BMJ Publishing Group Ltd. (“BMJ Group”) এর প্রকাশনা ও অন্যান্য বইপত্রে রোগীদের তথ্য প্রকাশ করার জন্য তাদের সম্মতি পত্র।

লেখায় বর্ণিত বা ছবিতে প্রদর্শিত ব্যক্তির নাম:.....

ছবি বা লেখার বিষয় বস্তু:.....

পত্রিকার নাম:.....

মেনুস্ক্রিপ্ট সংখ্যা:.....

লেখার শিরোনাম:.....

সংশ্লিষ্ট লেখকের নাম:.....

।.....[পুরো নাম লিখুন] আমি উপরোল্লিখিত বিষয় বস্তুর (তথ্য) উপর আমার নিজের জীবন/ আমার সম্প্রদায় বা স্বামী/স্ত্রী/ আমার আত্মীয়ের সংক্রান্ত তথ্যগুলো পত্রিকা এবং এর সহযোগী প্রকাশনাগুলোতে ছাপার বা প্রকাশ করার জন্য আমার সম্মতি দান করছি। *

পত্রিকা-তে যে সব তথ্য দেয়া হবে সেগুলো আমি দেখেছি এবং পড়েছি

আমি নিম্ন বর্ণিত শর্ত গুলো সম্পর্কে জ্ঞাত হলামঃ

- (১) যে সব তথ্য দেয়া হয়েছে সেগুলো আমার নাম উল্লেখ না করে প্রকাশ করা হবে এবং আমার নাম পরিচয় যাতে অজ্ঞাত থাকে তা নিশ্চিত করার জন্য BMJ Group সবদিক দিয়ে স্বেচ্ছা হবে। আমি আরও বুঝতে পারছি যে, যদিও সম্পূর্ণ নাম পরিচয় গোপন রাখার ব্যাপারটি অনুমোদন করা যায় না। এটা সম্ভব যে, যেকোন ব্যক্তি যে কোন স্থানে-ধরুন, উদাহরণ হিসাবে আমি যদি কোন হাসপাতালে থাকতাম তখন যদি কেউ আমার দেখাশুনা করতো অথবা আমি যদি তার আত্মীয় হতাম তবে সে পরিচয়ে তিনি আমাকে চিনে ফেলতে পারেন।
- (২) লেখাটিকে সংশোধন করে এর ধরন, ব্যাকরণগত ত্রুটি, মান ও পরিধি বদলানো যেতে পারে।
- (৩) আমার দেয়া তথ্যগুলো পত্রিকাতে প্রকাশ করা হতে পারে, এবং এই পত্রিকাটি পৃথিবীর সকল স্থানে পরিবেশিত হয়। এই পত্রিকাটি প্রধানত ডাক্তারদের কাছে যায় তবে শুধুমাত্র ডাক্তারেরা ছাড়াও বহু মানুষ এবং সাংবাদিকেরাও এই পত্রিকাটি দেখেন।
- (৪) আমার দেওয়া তথ্যগুলো পত্রিকার ওয়েবসাইটেও দেয়া হবে, ওয়েব সাইটের ঠিকানা <http://group.bmj.com/products>
- (৫) *BMJ Group বা তাদের লাইসেন্স প্রাপ্ত অন্যান্য প্রকাশনা সংস্থাগুলো যেসব পত্র পত্রিকা বা বই পুস্তক প্রকাশ করে থাকে সেসব পত্র পত্রিকাতেও আমার দেয়া তথ্যগুলো সম্পূর্ণ বা আংশিকভাবে ছাপা হতে পারে। এই সব পত্র পত্রিকা বা প্রচার মাধ্যমের মধ্যে রয়েছে ইংরেজীতে লেখা এবং অনুবাদ করা প্রবন্ধ, ছাপা প্রবন্ধ, যান্ত্রিক বা ইলেক্ট্রনিক পদ্ধতি, বা BMJ Group অথবা তাদের লাইসেন্স প্রাপ্ত অন্যান্য প্রকাশনা সংস্থাগুলো বর্তমানে বা ভবিষ্যতে যেসব মাধ্যম ব্যবহার করতে পারে সেসব মাধ্যম এর অঙ্গভুক্ত হতে পারে। বিশেষ করে আমার দেয়া তথ্যগুলো পত্রিকার স্থানীয় সংস্করণগুলোতে বা বিদেশে প্রকাশিত অন্যান্য পত্র পত্রিকাতে ছাপানো যেতে পারে।
- (৬) BMJ Group আমার দেয়া তথ্যগুলো বিজ্ঞাপন প্রচারের জন্য বা পণ্যের মোড়কে অথবা অপ্রাসঙ্গিক কাজে ব্যবহার করতে দিবেন না।
- (৭) তথ্যগুলো ছাপার পূর্বে যে কোন সময়ে আমি আমার সম্মতি প্রত্যাহার করে নিতে পারি, তবে একবার ছাপার সব আয়োজন সম্পূর্ণ করে ফেললে (“প্রেসে চলে গেলে”) সম্মতি ফিরিয়ে নেয়া আর সম্ভব হবে না।

স্বাক্ষর..... তারিখ.....